

আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি

যুব উন্নয়ন অধিদপ্তরের রাজস্বখাতের ২০নং খেডভুক্ত নিম্নলিখিত ৪র্থ শ্রেণির পদে আউটসোর্সিং পদ্ধতিতে জনবলের সেবা গ্রহণের উদ্দেশ্যে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে দরপত্র আহবান করা যাচ্ছে।

নং	পদের নাম	পদের সংখ্যা	বয়স	মাসিক সেবামূল্য			শিক্ষাগত যোগ্যতা
				ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য	চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল এর মেট্রোপলিটন এলাকা এবং নারায়নগঞ্জ ও টঙ্গী পৌর এলাকার জন্য	অন্যান্য এলাকার জন্য	
০১	বেয়ারার	০১টি	১৮-৩০	৭৭৫০/-	৭৪৫০/-	৭২০০/-	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
০২	নিরাপত্তা গ্রহণী কাম পরিচ্ছন্নতা কর্মী (নৈশ গ্রহণী কাম ফরাশ)	০৮টি	১৮-৩০	৭৭৫০/-	৭৪৫০/-	৭২০০/-	অন্য ৮ম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
০৩	পরিচ্ছন্নতা কর্মী (ঝাড়দার)	০১টি	১৮-৩০	৭৭৫০/-	৭৪৫০/-	৭২০০/-	অন্য ৮ম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
০৪	নিরাপত্তা কর্মী (গার্ড)	০১টি	১৮-৩০	৭৭৫০/-	৭৪৫০/-	৭২০০/-	অন্য ৮ম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

নিম্নোক্ত ছক অনুসরণপূর্বক দরপত্র দাখিল করতে হবে :

পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা(যদি থাকে)	নিয়োজিত জনবলের মাসিক সেবামূল্য		সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের মাসিক সার্ভিস চার্জ		সর্বমোট সেবামূল্য
				জনপ্রতি	মোট	জনপ্রতি	মোট	

অন্যান্য শর্তাবলি :

- জনবল সরবরাহের জন্য নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হবে। কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হবে না।
- আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসরণযোগ্য হবে।
- জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন এবং আয়কর সনাক্তকরণ নম্বর (TIN) থাকতে হবে এবং জনবল সরবরাহের ক্ষেত্রে কমপক্ষে ৩(তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
- নিয়োজিত কর্মচারীগণ প্রয়োজনে ছুটির দিনে বা স্বাভাবিক সরকারী অফিস সময়ের পর দায়িত্ব পালনে বাধা থাকবেন।
- অতিরিক্ত সময় দায়িত্ব পালনের জন্য ওভারটাইম ও অন্যান্য ভাতা প্রাপ্য হবে না।
- আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কোন কর্মচারীর অদক্ষতা বা অবহেলার কারণে কোন ক্ষতি হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার দায়-দায়িত্ব বহন করতে হবে।
- নিয়োজিত কর্মচারী কর্তব্য পালনকালে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র বহন করবে।
- নির্বাচিত প্রতিষ্ঠানের নিকট থেকে সরকারী নিয়ম অনুযায়ী VAT/IT কর্তন করা হবে।
- জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সঙ্গে সম্পাদিত চুক্তি যে কোন পক্ষ ১(এক) মাসের নোটিশ দিয়ে বাতিল করতে পারেন।
- আউটসোর্সিং পদ্ধতিতে কর্মচারী সরবরাহের আগ্রহী প্রতিষ্ঠানকে নির্ধারিত ছকে ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তিপত্র সম্পাদন করতে হবে।
- আগ্রহী প্রতিষ্ঠানকে নিজ প্যাডে আগামী ১৫-১২-২০১৫খ্রিঃ তারিখ বেলা ১২.০০টার মধ্যে সীলমোহরকৃত খামে উল্লিখিত পদের সেবামূল্য প্রস্তাব উল্লেখপূর্বক ট্রেড লাইসেন্স, আয়কর পরিশোধের প্রমাণপত্র, অভিজ্ঞতার সনদপত্র ইত্যাদিসহ যুব ভবন, যুব উন্নয়ন অধিদপ্তর, ১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ এ ৩য় তলায় পরিচালক(প্রশাসন ও অর্থ) এর অফিস কক্ষের সম্মুখে রক্ষিত দরপত্র/প্রস্তাব দাখিল করতে অনুরোধ করা হলো। একই তারিখে বেলা ৩.০০ টা প্রাপ্ত দরপত্র/প্রস্তাবসমূহ দরদাতার উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- আউটসোর্সিং পদ্ধতিতে জনবল নিয়োগের বিজ্ঞপ্তি বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(মোঃ শাহিদুল ইসলাম)
(যুগ্ম-সচিব)

পরিচালক(প্রশাসন ও অর্থ)
যুব উন্নয়ন অধিদপ্তর
ফোন : ৯৫৫০৮৬৩